



# ৮নং বাঁশচড়া ইউনিয়ন পরিষদ

জামালপুর সদর, জামালপুর।

## ইউনিয়ন পরিষদের মাসিক সভার কার্যবিবরণী



সভাপাতঃ মোঃ আঃ জলিল

আহ্বায়কঃ স্বয়ং

সভার স্থানঃ ইউনিয়ন পরিষদ ভবন

সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

পদবীঃ ইউপি চেয়ারম্যান

পদবীঃ সভাপতি

সভার তারিখঃ ১২/১১/২০২১ইং

(সভায় উপস্থিত ব্যক্তিবর্গ হাজিরা দ্রষ্টব্য)

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১) গত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন	অধ্যকার সভা জনাব মোঃ আঃ জলিল, ইউপি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে শুরু করা হইল। সভাপতি উপস্থিত সকল সদস্য/সদস্যগণকে ধন্যবাদ জানান এবং সভার সদস্য সচিব সভার কার্যবিবরণী পাঠ করার জন্য আহ্বান করা হয়। সভাপতির অনমতি ক্রমে সদস্য সচিব ও ইউপি সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম গত সভার কার্যবিবরণী পাঠ করে সকলকে শুনান। পাঠান্তে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী অনুমতিত হয়।
২) জাতির জনক বঙ্গবন্ধু শেখমুজিবর রহমানের ৪৫তম শাহাদৎ বার্ষিকি যথাযথ পালনের সিদ্ধান্ত গ্রহন প্রসঙ্গে।	সভার সভাপতি সাহেব সকলের অবগতির জন্য জানান যে, আগামী ১৫ আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখমুজিবর রহমানের ৪৫তম শাহাদৎ বার্ষিকি যথাযথ ভাবে পালনের জন্য আপনাদের উপস্থিত সকলের সুচিন্তিত মতামত প্রয়োজন। চেয়ারম্যান সাহেবের প্রস্তাবের প্রেক্ষিতে সকল সদস্যগণ একমত পোষন করেন যে, যথাযত ভাবে পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিত্বে পুষ্পঅর্পন ও দোয়া মাহফিল সিদ্ধান্ত গৃহীত হয়।
৩) বিবিধ আলোচনা	৩নং আলোচনা সূচি অনুযায়ী সদস্য সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম জানান যে, বিগত বছর আয় ব্যয়ের হিসাব আপনাদের অবগতির জন্য উপস্থাপন করছি এবং বিগত বছরের আয় ব্যয় সকল সদস্যকে পাঠ করে শুনান  অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

অনুরোধক্রমে

চেয়ারম্যান

৮নং বাঁশচড়া ইউনিয়ন পরিষদ

সদর, জামালপুর।